

## ২. ছবি

তোমার ছবি দেখলে আমি  
অশান্ত সাগরের মতো পাগল হই,  
নতুবা ভালই থাকি  
শান্ত বলয়ের ভেতর।  
বুকের ব্যথা মুখে হেসে চেয়েছি লুকাতে  
তবু আজও সে ছবি  
আমায় ডাকে,  
পুরনো স্মৃতি, হারানু প্রেম  
মনে পড়ে বারে বার।  
কেন পারি না আজও জানিনা  
উত্তাল ঢেউয়ের স্বপ্ন সাগর পারি দিতে।  
যেদিকে তাকাই তোমার ছবি  
বাতাসের ধ্বনিতে ভেসে আসে ;  
শ্রুতিতে ভেসে আসে বাতাসের  
বুকের ব্যথার ধ্বনিতে।  
প্রিয়া, তোমার শীতল দুটি হাত  
একটু বাড়িয়ে দাও;  
কাছে আস-আরো কাছে  
দেহের ভাঁজে ভাঁজে মিলে যাও আজ।